

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-৩
www.lawjusticediv.gov.bd

নম্বর: ১০.০০.০০০০.১২৭.০৮.০০২.২২.৭৭৫

তারিখ: ১৫ অক্টোবর ১৪২৯ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে ঢাকার যুগ্ম মহানগর দায়রা জজ জনাব মোঃ বুলবুল হোসেন-এর অনুকূলে সম্পূর্ণ অর্থায়ন সম্পন্ন Australia Awards Scholarship-এর অধীনে অস্ট্রেলিয়ার The University of Melbourne-এ আগামী ০১/০১/২০২৩ হতে ৩১/০৩/২০২৪ তারিখ পর্যন্ত “Master of Commercial Law” কোর্সে অধ্যয়নের জন্য প্রেরণ মঞ্জুরের উদ্দেশ্যে তাঁকে বর্তমান কর্মস্থল হতে বদলিপূর্বক পুনরাদেশ না দেওয়া পর্যন্ত আইন ও বিচার বিভাগে সংযুক্ত করা হলো।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

(মোর্শেদ আল মামুন ভূঁইয়া)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৬৬৩১

নম্বর: ১০.০০.০০০০.১২৭.০৮.০০২.২২.৭৭৫/১(১৩)

তারিখ: ১৫ অক্টোবর ১৪২৯ বঙ্গাব্দ
৩০ নভেম্বর ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। মহানগর দায়রা জজ, ঢাকা।
[সংশ্লিষ্ট কর্মকর্তাকে আপনার মনোনীত কর্মকর্তার নিকট আগামী ০১/১২/২০২২ তারিখ তাঁর বর্তমান পদের কার্যভার অর্পণপূর্বক অবিলম্বে এ বিভাগে যোগদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।]
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বিচার শাখা-৫/বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৫। জনাব মোঃ বুলবুল হোসেন, যুগ্ম মহানগর দায়রা জজ, ঢাকা।
[মহানগর দায়রা জজ, ঢাকা কর্তৃক মনোনীত কর্মকর্তার নিকট আগামী ০১/১২/২০২২ তারিখ বর্তমান পদের কার্যভার অর্পণপূর্বক এ বিভাগে অবিলম্বে যোগদানের নির্দেশ প্রদান করা হলো।]
- ৬। সচিবের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৭। জনসংযোগ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।
- ৮। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা।
[উপরের প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।]
- ৯। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন ও বিচার বিভাগ।
- ১১। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ [ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো]।
- ১২। গার্ড ফাইল।
- ১৩। অফিস কপি।

(মোর্শেদ আল মামুন ভূঁইয়া)
সিনিয়র সহকারী সচিব